

বরাবর,

জেলা প্রশাসক  
নড়াইল।

বিষয়ঃ আর্থিক অনুদান ও টিন পাইবার জন্য আবেদন।

জনাব,

যথাবিহীত সন্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ বিল্লাল মির, পিতাঃ আজগার আলী মির, মাতাঃ মোছাঃ আখিরোন নেছা, গ্রামঃ আদমপুর, ডাকঃ মধ্যপল্লী, উপজেলাঃ নড়াইল সদর, জেলাঃ নড়াইল এই মর্মে আবেদন করিতেছি যে, আমি মাইজপাড়া ইউনিয়নের ০৫(পাঁচ) নং ওয়ার্ডের আদমপুর গ্রামের স্থায়ী বাসিন্দা। আমার বাড়ীতে একটিমাত্র ঘর, যেখানে আমি আমার পরিবারবর্গ নিয়া বসবাস করি, গত ইং ১৯/০৮/২০২৩ তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় বৈদ্যুতিক শর্টসার্কিটের কারনে আমার বসত বাড়ীতে আগুন লাগিয়া আমার একমাত্র বসত ঘরটি পুড়িয়া যাই। আমার বসত বাড়ী পুড়িয়া যাওয়ার কারনে বর্তমানে আমার বসবাস করার মত কোন ঘর নাই। এমতবস্থায় আমার এবং আমার পরিবারের বসবাসের ঘর তৈরী করার জন্য আর্থিক অনুদান ও টিনের একান্ত প্রয়োজন।

অতএব, আপনার নিকট বিনীত নিবেদন এই যে, আমার পুড়ে যাওয়া ঘরটি পুনরায় তৈরী করার জন্য আর্থিক অনুদান ও টিন পাইবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিতে মর্জি হয়।

তাং-০১/০৯/২০২৩ ইং

বিনীত নিবেদক

মোঃ বিল্লাল মির  
পিতাঃ আজগার আলী মির  
গ্রামঃ আদমপুর, উপজেলাঃ নড়াইল সদর,  
জেলাঃ নড়াইল।  
মোবাইলঃ ০১৭৬৩৩৪৬৭১২